গ্রহীতা ও পরিচর্যাকারীদের SPIKEVAX (উচ্চারণ
SPĪK-văx) (কোভিড-19 ভ্যাকসিন, mRNA)
সম্পর্কিত তথ্য
(2023-2024 ফর্মুলা)

স্পাইকভ্যাক্স গ্রহণের পূর্বে অনুগ্রহ করে এই তথ্যপত্রটি পড়ুন। এই সারসংক্ষেপটি আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীদের সাথে কথা বলার বিকল্প হিসেবে তৈরি করা হয়নি। আপনার যদি কোনো প্রশ্ন থাকে বা আপনি যদি আরো তথ্য পেতে চান, তবে অনুগ্রহ করে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন।

স্পাইকভ্যাক্স কী?
স্পাইকভ্যাক্স হলো এমন একটি ভ্যাকসিন, যা আপনাকে কোভিড-19 থেকে সুরক্ষা দিতে পারে। স্পাইকভ্যাক্স হলো 12 বছর ও তার বেশি বয়সী লোকজনের জন্য। স্পাইকভ্যাক্স ভ্যাকসিনটি ভ্যাকসিন গ্রহণকারী সকলকে সুরক্ষা নাও দিতে পারে।

স্পাইকভ্যাক্স-এ কোভিড-19 সৃষ্টিকারী ভাইরাস SARS-CoV-2 থাকে না। স্পাইকভ্যাক্সের কারণে আপনার কোভিড-19 হবে না।

কার স্পাইকভ্যাক্স গ্রহণ করা উচিত নয়?
আপনার স্পাইকভ্যাক্স গ্রহণ করা উচিত নয়, যদি আপনার:
- স্পাইকভ্যাক্স, মডার্না কোভিড-19 ভ্যাকসিন (আসল মনোভ্যালেন্ট) বা মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট-এর পূর্ববর্তী ডোজ গ্রহণ করার পর তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া হয়ে থাকে[1]
- এই ভ্যাকসিনের যেকোনো উপাদানের প্রতি তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া (**স্পাইকভ্যাক্সে থাকা উপাদানগুলো কী কী?** দেখুন)

আমার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে কী বলা উচিত?
আপনার চিকিৎসা সংক্রান্ত সকল অবস্থা সম্পর্কে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন, তার মধ্যে রয়েছে:
- কোনো অ্যালার্জি আছে কি না
- যেকোনো কোভিড-19 ভ্যাকসিন-এর পূর্ববর্তী ডোজ গ্রহণ করার পর তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া হয়েছে কি না
- মায়োকার্ডাইটিস (হৃদপেশিতে প্রদাহ) অথবা পেরিকার্ডাইটিস (হৃদপেশির বাইরের আস্তরণে প্রদাহ) আছে কি না
- জ্বর আছে কি না
- রক্তক্ষরণের সমস্যা আছে কি না অথবা রক্ত পাতলা হয় কি না
- রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল কি না অথবা এমন কোনও ঔষধ ব্যবহার করেন কি না যার প্রভাব রোগ প্রতিরোধ ক্ষমতার উপর পড়ে
- আপনি গর্ভবতী কি না অথবা সন্তান ধারণের পরিকল্পনা করছেন কি না
- বুকের দুধ খাওয়ান কি না
- অন্য কোনো কোভিড-19 ভ্যাকসিন নিয়েছেন কি না
- কখনও কোনও ইনজেকশন নেওয়ার পর অজ্ঞান হয়ে গিয়েছেন কি না

স্পাইকভ্যাক্স কীভাবে দেওয়া হয়?
মাংশপেশিতে ইনজেকশনের মাধ্যমে স্পাইকভ্যাক্স দেওয়া হয়।

স্পাইকভ্যাক্সের ঝুঁকিসমূহ কী কী?
স্পাইকভ্যাক্স গ্রহণকারী কিছু কিছু লোকের তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া হয়েছে,

[1] স্পাইকভ্যাক্স ভ্যাকসিনটি মডার্না কোভিড-19 ভ্যাকসিন (আসল মনোভ্যালেন্ট) এবং মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্টের মতো একই উপায়ে তৈরি করা হয়, তবে এটি SARS-CoV-2 অমিক্রন ভ্যারিয়েন্ট লাইনেজ XBB.1.5 (অমিক্রন XBB.1.5)-এর স্পাইক প্রোটিন এনকোড করে।

মডার্না কোভিড-19 ভ্যাকসিন (আসল মনোভ্যালেন্ট), এবং মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট। স্পাইকভ্যাক্স ভ্যাকসিনটির কারণে তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া হওয়ার যৎসামান্য সম্ভাবনা রয়েছে। সাধারণত স্পাইকভ্যাক্সের ডোজ নেওয়ার কয়েক মিনিট থেকে 1 ঘণ্টা সময়ের মধ্যে তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া হতে পারে। এই কারণে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী আপনাকে ভ্যাকসিন গ্রহণের পরে ভ্যাকসিন নেওয়ার স্থানে কিছুক্ষণ থাকতে বলতে পারেন। মারাত্মক অ্যালার্জির লক্ষণগুলোর মধ্যে থাকতে পারে:

- শ্বাস-প্রশ্বাসে সমস্যা
- আপনার মুখ ও গলা ফুলে যাওয়া
- হৃদস্পন্দন বেড়ে যাওয়া
- সারা শরীরে ফুসকুড়ি হওয়া
- মাথা ঘোরা ও দুর্বলতা

স্পাইকভ্যাক্স, মডার্না কোভিড-19 ভ্যাকসিন (আসল মনোভ্যালেন্ট), ও মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট সহ mRNA কোভিড-19 ভ্যাকসিন গ্রহণকারী কিছু কিছু লোকের ক্ষেত্রে মায়োকার্ডাইটিস (হৃদপেশিতে প্রদাহ) এবং পেরিকার্ডাইটিস (হৃদপেশির বাইরের আস্তরণে প্রদাহ) দেখা দিয়েছিল। 18 বছর থেকে 24 বছর বয়স্ক পুরুষদের ক্ষেত্রে মডার্না কোভিড-19 ভ্যাকসিন গ্রহণের পরে মায়োকার্ডাইটিস ও পেরিকার্ডাইটিস হওয়ার বিষয়টি খুব সাধারণ ছিল। এই ধরনের অধিকাংশ লোকের ক্ষেত্রে, ভ্যাকসিন গ্রহণের কয়েকদিনের মধ্যেই উপসর্গগুলো দেখা দেওয়া শুরু করে। তবে এটি হওয়ার সম্ভাবনা খুবই কম। ভ্যাকসিন নেওয়ার পর, বিশেষ করে আপনি বা আপনার শিশু ভ্যাকসিনের কোনো ডোজ নেওয়ার পরবর্তী 2 সপ্তাহের মধ্যে যদি নিম্নলিখিত লক্ষণগুলোর মধ্যে কোনোটি দেখা দেয় তবে দ্রুত চিকিৎসকের শরণাপন্ন হওয়া উচিত:

- বুকে ব্যথা
- শ্বাস গ্রহণে সমস্যা
- হৃদস্পন্দন বেড়ে যাওয়া, বুক ধড়ফড় করা বা বুক ধুকপুক করা

স্পাইকভ্যাক্স, মডার্না কোভিড-19 ভ্যাকসিন (আসল মনোভ্যালেন্ট) ও মডার্না কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট-এর ক্লিনিক্যাল ট্রায়ালে পার্শ্ব-প্রতিক্রিয়া রিপোর্ট করা হয়েছিল:

- ইনজেকশন দেওয়ার স্থানে প্রতিক্রিয়া: ব্যথা, ক্লান্তি, ইনজেকশন দেওয়ার হাতে লসিকা সন্ধি (লিম্ফ নোড) ফুলে ওঠা, ফুলে শক্ত হয়ে যাওয়া এবং লালচে হওয়া
- সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়া: ক্লান্তি, মাথাব্যথা, পেশিতে ব্যথা, গাঁটে ব্যথা, ঠান্ডা লাগা, গা গুলানো ও বমি হওয়া এবং জ্বর ও ফুসকুড়ি হওয়া

অন্য যেসকল পার্শ্ব-প্রতিক্রিয়া রিপোর্ট করা হয়েছে সেগুলোর মধ্যে রয়েছে:

- তীব্র অ্যালার্জি প্রতিক্রিয়া
- আর্টিকারিয়া (চুলকানিযুক্ত ফুসকুড়ি/জ্বালা)
- মায়োকার্ডিটিস (হৃদপেশিতে প্রদাহ)
- পেরিকার্ডিটিস (হৃৎপিণ্ডের বাইরের প্রান্তরেখায় প্রদাহ)
- ভ্যাকসিনের ইনজেকশন দেওয়ার সাথে সংশ্লিষ্ট মূর্চ্ছা যাওয়া

শুধুমাত্র এগুলোই স্পাইকভ্যাক্সের সম্ভাব্য সব পার্শ্ব-প্রতিক্রিয়া নাও হতে পারে। আপনাকে উদ্বিগ্ন করে এমন অন্য কোনো পার্শ্ব-প্রতিক্রিয়ার ব্যাপারে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে জিজ্ঞেস করুন। পার্শ্ব-প্রতিক্রিয়ার ব্যাপারে আপনি 1-800-822-7967 বা https://vaers.hhs.gov-এর মাধ্যমে ভ্যাকসিন অ্যাডভার্স ইভেন্ট রিপোর্টিং সিস্টেম (VAERS)-এ রিপোর্ট করতে পারেন।

আমি যদি সন্তানসম্ভবা হই বা শিশুকে স্তন্যপান করাই তবে কী হবে?

যদি আপনি গর্ভবতী হন বা বুকের দুধ পান করান, তবে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে বিকল্পগুলো নিয়ে আলোচনা করুন।

প্রেগন্যান্সি এক্সপোজার রেজিস্ট্রি উপলভ্য রয়েছে। আপনি আপনার গর্ভাবস্থা সম্পর্কে অবহিত হওয়ার সাথে সাথে

1-866-MODERNA (1-866-663-3762) নম্বরে কল করে রেজিস্ট্রির সাথে যোগাযোগ করার অথবা আপনার পক্ষে রেজিস্ট্রির সাথে যোগাযোগ করার জন্য আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে অনুরোধ করার জন্য উৎসাহিত করা হচ্ছে।

স্পাইকভ্যাক্স-এর উপাদানগুলো কী কী?

স্পাইকভ্যাক্স-এ নিম্নলিখিত উপাদানগুলো থাকে:

- মেসেঞ্জার রাইবোনিউক্লিক এসিড (mRNA)
- লিপিড (SM-102, পলিইথিলিন গ্লাইকল [PEG] 2000 ডাইমিরিস্টোল গ্লিসারল [DMG], কোলেস্টোরল, ও 1,2-distearoyl-sn-glycero-3-phosphocholine [DSPC])
- ট্রোমেথামাইন
- ট্রোমেথামাইন হাইড্রোক্লোরাইড
- এসিটিক এসিড
- সোডিয়াম এসিটেট ট্রাইহাইড্রেট
- সুক্রোজ

স্পাইকভ্যাক্স-এ কোনো প্রিজার্ভেটিভ নেই।

আপনি যদি আরো তথ্য জানতে চান, তবে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন বা www.spikevax.com ভিজিট করুন বা 1-866-MODERNA (1-866-663-3762) নম্বরে কল করুন।

যার জন্য প্রস্তুত করা হয়েছে:
Moderna US, Inc.
Princeton, NJ 08540

©2023 ModernaTX, Inc. সর্বস্বত্ব সংরক্ষিত। স্পাইকভ্যাক্স
হলো ModernaTX, Inc.-এর একটি ট্রেডমার্ক।
প্যাটেন্ট: www.modernatx.com/patents
সংশোধিত: সেপ্টেম্বর 2023